**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 08-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রান্তিক মানুষের কাছে চিকিৎসার সুযোগ পৌঁছে দিতে রাজ্যের হাসপাতালগুলিকে আরও জনবান্ধব ও আধুনিক করে গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।**

**(২) কৃষিমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, কেন্দ্রীয় সরকার গ্রামীন বিকাশের স্বার্থে বিকশিত ভারত জি রাম জি আইন প্রবর্তন করেছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লিতে তাঁর বাসভবনে ভারতীয় এআই স্টার্ট-আপগুলির সঙ্গে গোলটেবিল বৈঠকে সভাপতিত্ব করেন।**

**(৪) বিজয় হাজারে ট্রফি সীমিত ওভারের ক্রিকেটের গ্রুপের শেষ খেলায় ত্রিপুরা জয়লাভ করেছে।**

**************************************

**CM-Blood Donation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রান্তিক মানুষের কাছে চিকিৎসার সুযোগ পৌঁছে দিতে রাজ্যের হাসপাতালগুলিকে আরও জনবান্ধব ও আধুনিক করে গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। আজ আগরতলা সরকারি নার্সিং কলেজে রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, আধুনিক হাসপাতাল, উন্নত চিকিৎসা সরঞ্জাম, আধুনিক চিকিৎসা পরিষেবা, দক্ষ চিকিৎসা কর্মী, চিকিৎসক ইত্যাদি সমন্বয়ের মাধ্যমে সরকার রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থাকে শক্তিশালী করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। স্বেচ্ছা রক্তদান সম্পর্কে তিনি বলেন, রক্তদান শুধুমাত্র একটি আনুষ্ঠানিক কর্মসূচি নয়- এটি মানবধর্ম পালনের একটি বিরাট

সুযোগ। বক্তব্য রাখেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, প্রাক্তন বিধায়ক সুবল ভৌমিক, জিবিপি হাসপাতালের ডেপুটি এম এস ডা. কনক চৌধুরী প্রমুখ। শিবিরে ৫৩ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

******************************

**Ratan Lal Nath-G RAM G :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, কেন্দ্রীয় সরকার গ্রামীন বিকাশের স্বার্থে বিকশিত ভারত জি রাম জি আইন প্রবর্তন করেছে। তিনি বলেন, নতুন এই আইনে গ্রামীন এলাকায় বছরে ১০০ দিনের পরিবর্তে ১২৫ দিন কাজের সংস্থান করা হয়েছে। দূর্নীতি রোধ করার ব্যবস্থাও জোরদার করা হয়েছে। এই খাতে অর্থ বরাদ্দও বৃদ্ধি করা হয়েছে। আজ মহাকরনে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। নতুন এই আইন প্রবর্তনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহানকে ধন্যবাদ জানিয়ে কৃষিমন্ত্রী বলেন, এই আইনের ফলে ত্রিপুরা রাজ্যও যথেষ্ট উপকৃত হবে। ২০০৫ সাল থেকে ২০১৪ সাল পর্যন্ত এম জি এন রেগায় কেন্দ্রীয় সরকারের অর্থ বরাদ্দ যেখানে ২ লক্ষ ১৩ হাজার কোটি টাকা ছিল, এন ডি এ আমলে ২০১৫ সাল থেকে ২০২৫ সাল পর্যন্ত তা বেড়ে হয়েছে ৭ লক্ষ ৮০ হাজার কোটি টাকা। তিনি বলেন, ত্রিপুরায় ৬ লক্ষ ৫৬ হাজার জবকার্ডধারী রয়েছেন।

তিনি বলেন, নতুন আইনে, গ্রামে স্থায়ী সম্পদ সৃষ্টি, জল সংরক্ষন, জল নিরাপত্তা, গ্রামীন জনগোষ্ঠীর আত্মনির্ভরশীলতার প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে। এই আইনে জবকার্ডধারীরা কাজ চেয়ে কাজ না পেলে বেকার ভাতা পাওয়ার অধিকারী হবেন। তিনি বলেন, আজীবিকা মিশনে আত্মনির্ভরশীল হওয়ারও সুযোগ রয়েছে নতুন এই আইনে।

######Byte-Ratanlal Nath######

********************************

**President-PM Wish :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা বলেছেন মানুষের জন্য কাজ করার মানসিকতা প্রতিফলিত হয় রক্তদানের মতো কাজের মাধ্যমে। মুখ্যমন্ত্রীর জন্মদিন উপলক্ষে আজ স্বাস্থ্য বিভাগীয় কর্মচারীদের উদ্যোগে আগরতলা গভঃ নার্সিং কলেজ অডিটরিয়ামে আয়োজিত স্বেচ্ছা রক্তদান শিবিরে একথা বলেন তিনি।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার জন্মদিনে তাঁকে শুভেচ্ছা জনিয়েছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মুখ্যমন্ত্রী জন্মদিনে তাঁকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় প্রধানমন্ত্রী মুখ্যমন্ত্রীর সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও জনসেবায় নিরলস সাফল্য কামনা করেন। পাশাপাশি ত্রিপুরার উন্নয়ন ও যুবসমাজের অগ্রগতিতে মুখ্যমন্ত্রীর নেতৃত্বের প্রশংসা করেন তিনি।

**********************************************

**Minister Pranajit Singha Roy :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ উদয়পুর নেতাজি সুভাষ মহাবিদ্যালয়ে নবীন বরণ অনুষ্ঠানে নবাগত শিক্ষার্থীদের বরণ করে নেন। অনুষ্ঠানে তিনি বলেন, নবীন বরণ শিক্ষাজীবনের এক তাৎপর্যপূর্ণ অধ্যায়ের সূচনা। আত্মবিশ্বাস, শৃঙ্খলা ও নৈতিক মূল্যবোধ গড়ে তোলার মাধ্যমে শিক্ষার্থীরা আগামী দিনে সমাজ ও দেশের জন্য দায়িত্বশীল নাগরিক হয়ে উঠবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক অভিষেক দেবরায়, জিতেন মজুমদার ও রামপদ জমাতিয়া, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার প্রমুখ।

*****************************

**DGP-Press Meet :**

রাজ্য পুলিশ মহানির্দেশক অনুরাগ আজ পুলিশ সদর দপ্তরে সাংবাদিক সম্মেলনে জানান, রাজ্যে গত ১ বছরে ৮ দশমিক তিন শুন্য শতাংশ অপরাধ কমেছে। খুন, মহিলাদের বিরুদ্ধে অপরাধ, যান দুর্ঘটনা সংক্রান্ত

অপরাধ অনেক কমেছে। ২০২৪ সালে রাজ্যে ৪০৩৩টি মামলা হয়েছিল। গত বছর এই সংখ্যা কমে দাঁড়িয়েছে ৩ হাজার ৬৯৮টি। এটা গত ২০ বছরের মধ্যে সবচেয়ে কম অপরাধের সংখ্যা। শ্রী অনুরাগ জানান, এ বছর রাজ্যে ৯৫টি খুনের মামলা নথিভুক্ত হয়েছে। এছাড়া মহিলাদের বিরুদ্ধে অপরাধের মামলা হয়েছে ৬৬৫টি। যান দুর্ঘটনা সংক্রান্ত মামলা গতবার থেকে সামান্য কমে দাঁড়িয়েছে ৫২৭টি। ২০২৫ সালে নেশার বিরুদ্ধে অভিযান অনেক বাড়িয়েছে ত্রিপুরা পুলিশ। গতবছর ৫২২টি মামলা হয়েছে নেশার বিরুদ্ধে অভিযান সংক্রান্ত বিষয়ে। তিনি বলেন, যান দুর্ঘটনার মৃত্যু সংক্রান্ত ঘটনা ২০২৪ সালে হয়েছিল ২২৬টি। গত বছর এ সংখ্যা কমে দাঁড়িয়েছে ১৯৭টিতে। তিনি জানান মামলায় সাজার হার রাজ্যে উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে সবচেয়ে বেশি। ত্রিপুরায় একত্রিশ শতাংশ মামলায় অভিযুক্তদের সাজা হচ্ছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ মহানির্দেশক জি এস রাও, আইজিপি অবুলা রমেশ রেড্ডি, কৃষ্ণেন্দু চক্রবর্তী প্রমুখ।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**********************

**PM, AI Impact Summit :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লিতে তাঁর বাসভবনে ভারতীয় এআই স্টার্ট-আপগুলির সঙ্গে গোলটেবিল বৈঠকে সভাপতিত্ব করেন। আগামী মাসে ভারতে অনুষ্ঠেয় ইন্ডিয়া এআই ইমপ্যাক্ট সামিট ২০২৬-এর আগে, বারোজন ভারতীয় এআই স্টার্ট-আপ যারা সকলের জন্য এআই: গ্লোবাল ইমপ্যাক্ট চ্যালেঞ্জের জন্য যোগ্যতা অর্জন করেছে, তারা গোলটেবিল বৈঠকে অংশ নেন। বৈঠকে তারা তাদের ধারণা এবং কাজ উপস্থাপন করেন। বৈঠকে, প্রধানমন্ত্রী সমাজে রূপান্তর আনতে কৃত্রিম বুদ্ধিমত্তার গুরুত্ব তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে স্টার্টআপ এবং এআই উদ্যোক্তারা ভারতের ভবিষ্যতের সহ-স্থপতি এবং বলেন যে দেশের উদ্ভাবন এবং বৃহৎ পরিসরে বাস্তবায়নের জন্য তাদের অপরিসীম ক্ষমতা রয়েছে। তিনি আরও বলেন যে ভারতের উচিত বিশ্বের কাছে একটি অনন্য এআই মডেল উপস্থাপন করা যা মেড ইন ইন্ডিয়া, মেড ফর দ্য ওয়ার্ল্ডের চেতনাকে প্রতিফলিত করে। শ্রী মোদী বলেন যে ভারতের উপর বিশ্বের আস্থা রয়েছে এবং ভারতীয় এআই মডেলগুলি নীতিগত, নিরপেক্ষ, স্বচ্ছ এবং ডেটা গোপনীয়তার নীতির উপর ভিত্তি করে নিশ্চিত করার প্রয়োজনীয়তার উপর জোর দেন তিনি।

কেন্দ্রীয় বৈদ্যুতিন এবং তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো এবং দপ্তরের প্রতিমন্ত্রী জিতিন প্রসাদও বৈঠকে উপস্থিত ছিলেন।

*************************

**Swabhiman parb :**

গুজরাটের প্রভাস পাটানে, সোমনাথ মন্দিরের স্থায়ী চেতনা উদযাপনের জন্য চার দিনব্যাপী সোমনাথ স্বাভিমান পর্ব আজ থেকে শুরু হয়েছে। ১০২৬ খ্রিস্টাব্দের জানুয়ারিতে সোমনাথে প্রথম আক্রমণের এক হাজার বছর এবং ১৯৫১ সালে পুনরুদ্ধারকৃত মন্দিরের উদ্বোধনের ৭৫তম বার্ষিকী উদযাপন উৎসবের আজ সূচনা হয়। এই উপলক্ষে, প্রথম জ্যোতির্লিঙ্গে ৭২

ঘন্টার একটানা 'অখণ্ড ওঁকার জপ', শঙ্খ এবং ঐতিহ্যবাহী ডমরুর ধ্বনির মাধ্যমে অনুষ্ঠানটি শুরু হয়।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সোমনাথ স্বাভিমান পর্বের সূচনা উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেছেন যে স্বাভিমান পর্ব হল, যারা কখনও তাদের নীতির সঙ্গে আপস করেননি, তাদের স্মরণ করার দিন। প্রধানমন্ত্রী ১১ জানুয়ারী 'সোমনাথ স্বাভিমান পর্ব'-এ যোগ দেবেন।

*************************

**Winter Vegetables-Sonamura :**

শীত বাড়তে থাকায় শীতকালীন সবজি উৎপাদন করে মুখে চড়া হাসি রাজ্যের কৃষিপ্রধান মহকুমা হিসেবে পরিচিত সোনামুড়ার কৃষকদের। এ সময় ভালোই লাভের মুখ দেখছেন বলে জানিয়েছেন তারা। রাজ্যে এখনো পর্যন্ত দিনের সর্বনিম্ন তাপমাত্রার পারদ ঘোরাফেরা করছে ৮ থেকে ১০ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে। যা শীতকালীন ফুলকপি, বাঁধাকপি টমেটো সহ অন্যান্য সবজি উৎপাদনের জন্য খুবই উপযোগী আবহাওয়া বলে জানিয়েছেন বক্সনগর কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক সুব্রত দেবনাথ।

######Byte-Subrata Debnath######

কিষান সম্মান নিধি থেকে শুরু করে কৃষক ও কৃষির কল্যানে জারি থাকা সরকারি বিভিন্ন প্রকল্পে প্রাপ্ত সহায়তা তাদের উৎপাদনের পথকে অনেকটাই সহজ করেছে বলে জানিয়েছেন কৃষকরা। বাজারে মরশুমি এই সবজির চাহিদাও রয়েছে ব্যাপক। যার ফলে বিক্রি ভালো হওয়ায় খুশি সোনামুড়ায় কৃষি কাজের সঙ্গে যুক্ত লোকজন।

******************************

**Minister Kishore Barman :**

কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের ১১২তম জন্মবার্ষিকী উদযাপনের অঙ্গ হিসাবে 'অদ্বৈত মল্লবর্মণের সাহিত্যবীক্ষা ও তাঁর উত্তরাধিকার' বিষয়ক

রাজ্যভিত্তিক আলোচনাচক্র আজ অমরপুরে অনুষ্ঠিত হয়। উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ অমরপুরের অদ্বৈত মল্লবর্মণ স্মৃতি মহাবিদ্যালয়ে আয়োজিত আলোচনাচক্রের উদ্বোধন করেন। অদ্বৈত মল্লবর্মণের সাহিত্য ও জীবন কাহিনী নিয়ে বক্তব্য রাখেন বিধায়ক রঞ্জিত দাস, শচীন দেববর্মন স্মৃতি সংগীত মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষা ডঃ মনিকা দাস ও অদ্বৈত মল্লবর্মণ স্মৃতি মহাবিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত অধ্যক্ষ ডঃ প্রদীপ কুমার দীপক। অনুষ্ঠানে পাঁচ জন মৎস্যজীবিকে সংবর্ধনা দেওয়া হয়।

*************************

**Mayor-Press Meet :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে তিনদিন ব্যাপী স্বদেশী মেলার উদ্বোধন করবেন। আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানান আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। তিনি বলেন, মেলায় ৬০ থেকে ৬৫টির মতো স্টল থাকবে। প্রতিদিন দুপুর একটা থেকে রাত্র নয়টা পর্যন্ত মেলা চলবে। মেয়র বলেন, এই উদ্যোগটি আত্মনির্ভর ভারত এবং আত্মনির্ভর ত্রিপুরার দৃষ্টিভঙ্গির সাথে সামঞ্জস্যপূর্ণ। স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা তাদের পণ্য প্রদর্শন করবেন, মেলায় প্রতিদিন আলোচনাচক্র সহ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। তিনি বলেন, মেলায় ১৯০৫ সালের স্বদেশী আন্দোলনের স্মৃতিচারণও করা হবে।

***************************

**PRAYAAS :**

পুলিশ প্রশাসনের উদ্যোগে আজ ঊনকোটি জেলার ফটিকরায়ের আম্বেদকর কলেজের সেমিনার হলে "প্রয়াস" কর্মসূচির অন্তর্গত এক কার্যক্রম অনুষ্ঠিত হয়। এখানে ড্রাগের অপব্যবহার, সাইবার অপরাধ, ট্রাফিক বিধি মেনে চলা ইত্যাদি বিষয়ে ছাত্র-ছাত্রীদের অবহিত করা হয়। বক্তব্য রাখেন কুমারঘাটের SDPO উৎপলেন্দু দেবনাথ, আম্বেদকর কলেজের অধ্যক্ষ ডক্টর সুব্রত শর্মা, ফটিকরায় থানার O/C পার্থ নাথ ভৌমিক প্রমুখ।

***************************

**Vijay Hazare :**

বিজয় হাজারে ট্রফি সীমিত ওভারের ক্রিকেটের গ্রুপের শেষ খেলায় ত্রিপুরা আজ জয়লাভ করেছে। আমেদাবাদের গুজরাট কলেজ ক্রিকেট মাঠে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ১৯৭ রানে ঝারখান্ডকে হারিয়ে দেয়।

******************************

**Women's Cricket :**

অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের জাতীয় ক্রিকেটের আসরে গ্রুপের চতুর্থ খেলায় আজ ত্রিপুরা জয়লাভ করেছে। গুয়াহাটিতে অনুষ্ঠিত খেলায় ত্রিপুরা ১০ উইকেটে মেঘালয়কে হারিয়ে দেয়।

*****************************

**Birsa Munda Football :**

রাজ্য সরকারের জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে আগামীকাল থেকে ভগবান বিরসা মুন্ডা ফুটবল প্রতিযোগিতার রাজ্যস্তরের আসর শুরু হচ্ছে। আন্ত হোস্টেল ফুটবল টুর্নামেন্টের স্লোগান হল "Kick for Health, Play for Pride"। রাজধানীর ভগত সিং যুব আবাসে এক সাংবাদিক সম্মেলনে জনজাতি কল্যান দপ্তরের সচিব ডাঃ কে শশিকুমার জানান, রাজধানীর উমাকান্ত মিনি স্টেডিয়ামে হবে খেলা।

এই বছর অনুষ্ঠিত টুর্নামেন্টে মহকুমা স্তরে ৩১৬টি দল এবং জেলা স্তরে ৪৬টি দল অংশ নেয়। রাজ্যস্তরের আসরে মোট ১৬টি দল অংশ গ্রহণ করবে। চ্যাম্পিয়ন দল ট্রফি সহ ১ লক্ষ টাকা প্রাইজমানি, প্রথম রানার্স-আপ এবং দ্বিতীয় রানার্স-আপ দল ৭৫ হাজার টাকা এবং ৫০ হাজার টাকা পুরস্কার পাবে। এছাড়াও, ফেয়ার প্লে দলকে ট্রফি ও ২৫ হাজার টাকা দেয়া হবে। এর সাথে সেরা খেলোয়াড়, টপ স্কোরার, সেরা গোলকিপার, প্রত্যেক ম্যাচের সেরা খেলোয়াড়কে ট্রফি ও প্রাইজমানি দেয়া হবে।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ রাত থেকে আগামীকাল রাজ্যের সবকটি জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৩.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ৯.৫ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

****************************